গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# সভার কার্যবিবরণী

বিষয় ঃ বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০১৫-১৬' সুষ্ঠুভাবে উৎযাপনের লক্ষ্যে আইন শৃঙ্খলা সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ কাজী আখতার উদ্দিন আহমেদ, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

তারিখ ঃ১৭-০৭-২০১৬খ্রিঃ

সময় ঃ বিকেল ৩ঃ০০ ঘটিকা

স্থান ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৫০২, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিত সদ্যস্যবৃন্দ-পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কার্যপত্র অনুযায়ী সভায় তথ্য উপস্থাপনের জন্য তিনি উপ-সচিব (ক্রীড়া)-কে অনুরোধ জানান। উপ-সচিব (ক্রীড়া) জানান যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় দেশের শীর্ষস্থানীয় ১২টি ক্লাব ফুটবল দলের অংশগ্রহণে দেশের সর্বোচ্চ লীগ 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০১৫-১৬' এর খেলা আগামী ২৪-০৭-২০১৬ তারিখ হতে ঢাকাসহ দেশের ৭টি ভেন্যু যথা-বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম-ঢাকা, এম এ আজিজ স্টেডিয়াম-চট্টগ্রাম, সিলেট জেলা স্টেডিয়াম-সিলেট, আব্দুর রব সেরনিয়াবাত স্টেডিয়াম-বরিশাল, মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়াম-রাজশাহী, রফিক উদ্দিন ভূইয়া স্টেডিয়াম-ময়মনসিংহ ও শেখ ফজলুল হক মনি স্টেডিয়াম-গোপালগঞ্জে অনুষ্ঠিত হবে। উক্ত লীগ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এ সভা আয়োজন করা হয়েছে।

বাংলাদেশ প্রিমিয়ার লীগের খেলাসমূহ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সভায় উপস্থিত যুগ্মসচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি, পুলিশ হেড কোয়ার্টারস, এসবি, ডিএমপি, আনসার-ভিডিপি এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশনের প্রতিনিধিগণ মূল্যবান পরামর্শ ও মতামত প্রদান করেন।

**সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয় ঃ**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১. | বাংলাদেশ প্রিমিয়ার লীগ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে যথাসম্ভব কম ভেন্যু নির্বাচন করতে হবে। ভেন্যুতে সম্ভব হলে একটি হোটেলে খেলোয়াড় ও কর্মকর্তাদের অবস্থানের ব্যবস্থা করতে হবে। যাতায়াতের ক্ষেত্রে যেখানে সম্ভব সেখানে বিমান পথ ব্যবহার করতে হবে। | বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| ০২. | লীগের বিস্তারিত ফিক্সচার জরুরী ভিত্তিতে প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করতে হবে। | |
| ০৩. | ফিক্সচারের আলোকে আইন শৃঙ্খলা সংক্রান্ত যাবতীয় পদক্ষেপ গ্রহনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ জানানো হয়। | স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
(১৭-০৭-২০১৬)
কাজী আখতার উদ্দিন আহমেদ
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৪.০০.০০০০.০৭১.০৩১.০২৩.২০১৬-৪৪৬ তারিখ ঃ ১৭ জুলাই, ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপুলিশ পরিদর্শক, মহাপুলিশ পরিদর্শকের কার্যালয়, পুলিশ ভবন, ঢাকা।
০৩। মহা-পরিচালক, র‌্যাব, ঢাকা।
০৪। মহা-পরিচালক, আনসার ও ভিডিপি, ঢাকা।
০৫। যুগ্মসচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৭। পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৮। উপ-সচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, ঢাকা।

(সিরাজুছ ছালেকীন)
সহকারী সচিব
ফোন নং-৯৫৭৫৫১০

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৩। মাননীয় উপ-মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের জনসংযোগ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৫। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব-সাইটে আফলোড করার জন্য)।